গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

নম্বর ০৪.০০.০০০০.৪১১.১১.০০৩.১৪.৮৩৬ | তারিখ: ০৯ নভেম্বর ২০১৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

মন্ত্রিপরিষদ বিভাগের তৃতীয় ও চতুর্থ শ্রেণির বিভিন্ন শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য নিম্নের ছকে উল্লেখিত পদসমূহে উপযুক্ত প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদনাম ও বেতন স্কেল | সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর : ৫৫০০/–১২০৯৫/- (শুধু মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের জন্য) | ০২ | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত<br>গ) সাঁটলিপি: ইংরেজি-৭০, বাংলা-৪৫ (প্রতি মিনিটে সর্বনিম্ন শব্দ)<br>ঘ) মুদ্রাক্ষর: ইংরেজি-৩০, বাংলা-২৫ (প্রতি মিনিটে সর্বনিম্ন শব্দ) |
| ২। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর : ৫৫০০/–১২০৯৫/- (সাধারণ এবং মুক্তিযোদ্ধাসহ সকল কোটার প্রার্থীদের জন্য) | ১২ | ঐ |
| ৩। | এমএলএসএস (অফিস সহায়ক) : ৪১০০/–৭৭৪০/- | ০৫ | স্বীকৃত বোর্ড থেকে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

**শর্তসমূহ:**

১। ছকের ১ নম্বর ক্রমিকের পদের ক্ষেত্রে শুধু ঢাকা, কিশোরগঞ্জ, রাজবাড়ী, গাজীপুর, শরিয়তপুর, শেরপুর, নেত্রকোণা, নারায়ণগঞ্জ, টাঙ্গাইল, নরসিংদী, ফরিদপুর, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি, লক্ষ্মীপুর, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম, বগুড়া, জয়পুরহাট, রাজশাহী, নবাবগঞ্জ, নওগাঁ, পঞ্চগড়, ঠাকুরগাঁও, রংপুর, দিনাজপুর, ঝিনাইদহ, যশোর, খুলনা, বাগেরহাট, নড়াইল, কুষ্টিয়া, ঝালকাঠি, ভোলা, পিরোজপুর, বরগুনা, মৌলভীবাজার, সুনামগঞ্জ, সিলেট এবং হবিগঞ্জ জেলার **মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যাগণ** আবেদন করতে পারবেন।

২। ছকের ২ নম্বর ক্রমিকের পদের ক্ষেত্রে শুধু ১ নম্বর শর্তে উল্লিখিত জেলাসমূহের সাধারণ প্রার্থীগণ এবং **মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যাগণ**, উপজাতি, আনসার ও ভিডিপি প্রার্থীগণ আবেদন করতে পারবেন। এ ছাড়া, **এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী** প্রার্থীগণ যে কোন নিজ জেলা থেকে আবেদন করতে পারবেন।

৩। ছকের ৩ নম্বর ক্রমিকের পদের ক্ষেত্রে শুধু শেরপুর, কিশোরগঞ্জ, মুন্সিগঞ্জ, গাজীপুর, মানিকগঞ্জ, ফরিদপুর, নরসিংদী, রাজবাড়ী, টাঙ্গাইল, ঢাকা, চট্টগ্রাম, বান্দরবান, চাঁদপুর, রাঙ্গামাটি, কক্সবাজার, খাগড়াছড়ি, নওগাঁ, রাজশাহী, সিরাজগঞ্জ, বগুড়া, কুড়িগ্রাম, পঞ্চগড়, নীলফামারী, রংপুর, দিনাজপুর, যশোর, নড়াইল, বাগেরহাট, খুলনা, মেহেরপুর, সিলেট, মৌলভীবাজার এবং হবিগঞ্জ জেলার সাধারণ প্রার্থীগণ এবং **মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যাগণ**, উপজাতি, আনসার ও ভিডিপি প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে সকল জেলার **এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ নিজ নিজ জেলা থেকে আবেদন করতে পারবেন।**

৪। **প্রার্থীগণ** আবেদনে ক) প্রার্থীর নাম, খ) পিতা/স্বামীর নাম, গ) মাতার নাম, ঘ) স্থায়ী ঠিকানা, ঙ) বর্তমান ঠিকানা, চ) নিজ জেলা, ছ) জন্ম তারিখ, জ) জাতীয়তা, ঝ) শিক্ষাগত যোগ্যতা, ঞ) অভিজ্ঞতা (যদি থাকে), ট) বিশেষ কোটা (যদি থাকে) উল্লেখ করে এবং তারিখসহ প্রার্থীর স্বাক্ষর সংযুক্ত করে ''যুগ্মসচিব (প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা'' ঠিকানাযুক্ত খামে ৩০/১১/২০১৪ তারিখের মধ্যে সরাসরি বাংলাদেশ সচিবালয়ের ৫ নম্বর গেইটে জমা দিতে হবে অথবা ডাকযোগে পাঠাতে হবে। ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫। ৩০/১১/২০১৪ তারিখে মুক্তিযোদ্ধা ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর এবং অন্যান্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বছর। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে অনূর্ধ্ব ৩৫ বছর। এমএলএসএস (অফিস সহায়ক) পদের ক্ষেত্রে ন্যূনতম ১৮ বছর। বয়স প্রমাণে এসএসসি বা সমমানের সনদ বিবেচনা করা হবে। এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৬। ছকের ১ ও ২ নম্বর ক্রমিকে উল্লিখিত পদের প্রার্থীকে ১০০/-(একশত) টাকার এবং ৩ নম্বর ক্রমিকে উল্লিখিত পদের প্রার্থীকে ৫০/- (পঞ্চাশ) টাকার ট্রেজারি চালান বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক লিঃ-এর যে কোন শাখাতে ১/০৪০১/০০০১/২০৩১ কোডে জমা প্রদানপূর্বক মূলকপি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। এ ছাড়া অন্য কোন মাধ্যমে জমাকৃত অর্থ গ্রহণযোগ্য হবে না।

৭। আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর বোর্ড/বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সনদের ফটোকপি (এসএসসি/সমমান পরীক্ষার ক্ষেত্রে সাময়িক সনদ গ্রহণযোগ্য নয়), প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্প্রতি প্রদত্ত চারিত্রিক সনদের মূলকপি; স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের ফটোকপি; সম্প্রতি তোলা তিন কপি রঙ্গিন ছবি (পাসপোর্ট-২ ও স্ট্যাম্প-১) সংযুক্ত করতে হবে।

৮। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৯। **প্রার্থীকে খামের উপরের অংশে নিজ জেলা, বিশেষ কোটা এবং পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।**

১০। **মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের** ক্ষেত্রে যথাক্রমে তার পিতা/মাতা এবং দাদা/দাদী/নানা/নানী'র অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের ফটোকপি, মুক্তিযোদ্ধার জন্ম তারিখের প্রমাণকের ফটোকপি এবং মুক্তিবার্তা পত্রিকা ও গেজেটের সংশ্লিষ্ট অংশের ফটোকপি দাখিল করতে হবে। এ ছাড়া, **মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের** ক্ষেত্রে আবেদনকারীর অনুকূলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত উত্তরাধীকার সনদের ফটোকপি দাখিল করতে হবে। আনসার ও ভিডিপি সদস্যের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ জেলা কমানডেন্ট কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হবে (শুধু প্রশিক্ষণের সনদ গ্রহণযোগ্য নয়)। উপজাতি প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হবে। এতিমখানা নিবাসী এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সংশ্লিষ্ট উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হবে।

১১। দাখিলকৃত ছবি এবং সকল কাগজপত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। **সত্যায়নকারী কর্মকর্তার সিলে নাম, পদবি ও দপ্তর স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।**

১২। এ নিয়োগ বিজ্ঞপ্তিটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইটে (www.cabinet.gov.bd) পাওয়া যাবে।

০৯/১১/২০১৪
(মোঃ সাখাওয়াত হোসেন)
সিনিয়র সহকারী সচিব